দৈনিক বাংলা

128

তারিখ 10 DEC 1988
পৃষ্ঠা... ৭ ... ২...

# দু' শিক্ষকের এক স্কুল

(নিজস্ব সংবাদদাতা)

টাঙ্গাইল, ৯ই ডিসেম্বর।—সদর উপজেলার আনহোলা উচ্চ বিদ্যালয়ে দুইজন প্রধান শিক্ষক একই সময় কর্মরত থাকায় বিদ্যালয়ে জটিল অবস্থার সৃষ্টি হয়েছে।

জানা গেছে, এই বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবদুল মনসুরের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগে বিদ্যালয় পরিচালনা কমিটি গত ২০শে আগস্ট তাকে চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করে।

পরে আনহোলা উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটি পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জনৈক মোঃ ইব্রাহীম আলীকে প্রধান শিক্ষক নিয়োগ করে। গত ২৮শে সেপ্টেম্বর বোর্ড কর্তৃপক্ষের এক চিঠিতে উল্লেখ করা হয় যে প্রধান শিক্ষক আবদুল মনসুরের বরখাস্ত বিধি সম্মত নয় এবং তাকে পুনর্বহাল করা হোক। এরই প্রেক্ষিতে গত ২রা অক্টোবর জনাব আবদুল মনসুর লোকজন নিয়ে বিদ্যালয়ে প্রবেশ করেন। এবং প্রধান শিক্ষকের চেয়ার দখল করেন।